দৈনিক সংবাদ
তারিখ ২/৯/৯২
পৃষ্ঠা ২ কলাম ১

62

# রাজশাহীর দন্ডপ্রাপ্ত পরীক্ষার্থী কুমিল্লায় পরীক্ষা দিতে এসে ধরা পড়েছে

59

কুমিল্লা, ১লা সেপ্টেম্বর (জেলা বার্তা পরিবেশক)।—রাজশাহী বোর্ডের দন্ডপ্রাপ্ত এসএসসি পরীক্ষার্থী কুমিল্লা বোর্ডে জালিয়াতির মাধ্যমে পরীক্ষা দিতে গিয়ে ধরা পড়েছে। বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার্থীটিকে বহিষ্কার করেছে এং এই জালিয়াতির সাথে সংশ্লিষ্ট বোর্ড কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করেছে। এছাড়া এই জালিয়াতির ঘটনার সাথে অন্য যারা জড়িত বোর্ড তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছে।

কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ গোপন সূত্রে খবর পেয়ে এবারের এসএসসি পরীক্ষার্থী মোঃ ইমতিয়াজ শহীদ চৌধুরীকে (রোল ব্রাপা নং ৩২৩৩৮) ব্রাহ্মণপাড়া কেন্দ্র থেকে বহিষ্কার করে।

মোঃ ইমতিয়াজ শহীদ চৌধুরী তার পিতা এইচ এম শহীদ উল্লাহ পঞ্চগড়ে জেলা প্রশাসক থাকাকালে ১৯৮৯ সালে রাজশাহী বোর্ডের পঞ্চগড় কেন্দ্র থেকে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে এসএসসি পরীক্ষায় অংশ নেয় (রোল পঞ্চ নং অ ২১৩)। পরীক্ষায় ব্যাপক অসদুপায় অবলম্বনের দায়ে রাজশাহী বোর্ড তার ১৯৮৯ সালের পরীক্ষা বাতিল ও ১৯৯৩ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত থাকার শাস্তি প্রদান করে। এই বিষয়টি একাধিক তদন্ত কমিটি তদন্ত করে এবং তদন্ত রিপোর্টের প্রেক্ষিতে তার পিতাকে জেলা প্রশাসকের পদ থেকে প্রত্যাহার করে নেয়া হয়।

পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত ম্যাজিস্ট্রেটের কাছে লিখিত স্বীকারোক্তিতে ইমতিয়াজ শহীদ চৌধুরী জানায়, তার মাতা চট্টগ্রাম সরকারী সিটি কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপিকা লুৎফুন নাহার চৌধুরী বোর্ডের জনৈক কর্মচারী ও জিরুইন হাই স্কুলের প্রধান শিক্ষকের সহযোগিতায় অবৈধভাবে ভর্তি ও রেজিস্ট্রেশন করিয়ে পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করে দেয়।

ইমতিয়াজের পিতা বর্তমানে চট্টগ্রাম সেনানিবাসের মিলিটারী এস্টেট অফিসার হিসেবে কর্মরত রয়েছেন।